



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2024

গভর্নর ক্যাথি হোকল

আজকে রাত থেকে শুরু হয়ে রবিবার পর্যন্ত নিউ ইয়র্কে আবহাওয়ার প্রভাব সম্পর্কে গভর্নর  
ক্যাথি হোকল-এর বিবৃতি

"আজকে রাত থেকে পুরো স্টেটে ব্যাপকঃ বৃষ্টি, দমকা হওয়া এবং উঁচু জায়গায় তুষার পড়া শুরু হওয়ার আশঙ্কা আছে এবং তা পুরো উইকেন্ডে চলবে। অতি প্রয়োজনীয় এই বৃষ্টি দাবানল এবং এখনকার খরার পরিস্থিতি সহজ করতে সাহায্য করবে, মিড-হাডসন (Mid-Hudson), নিউ ইয়র্ক সিটি (New York City), এবং ক্যাপিটাল রিজিয়নে (Capital Regions) দুই ইঞ্চি পর্যন্ত বৃষ্টি পড়বে বলে আশা করা যাচ্ছে।"

"সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central NY), মিড-হাডসন, সাউদার্ন টিয়ার (Southern Tier) এবং ক্যাপিটাল রিজিয়নের কিছু অংশে বৃহস্পতিবার বিকাল থেকে শুরু হয়ে শুক্রবার পর্যন্ত উইন্টার ওয়েদার ওয়াচ (Winter Weather Watches) এবং অ্যাডভাইজরি (Advisories) জারি থাকবে। নিউ ইয়র্কবাসীদের জন্য শীতকালের আবহাওয়া কোনো নতুন ব্যাপার না, তবুও নিরাপদ থাকার জন্য এগুলি মনে রাখা দরকার: আপনার স্থানীয় পূর্বাভাস দেখুন, সতর্ক থাকুন এবং ভেজা ও বরফের রাস্তায় গাড়ি চালাতে হলে আন্তে চালান, বিদ্যুৎ চলে গেলে প্রয়োজনীয় সবকিছু হাতের কাছে পাওয়া যাবে কিনা তা নিশ্চিত হয়ে নিন, এবং প্রয়োজন হলে গরম থাকার জন্য তাপের যথাযথ, নিরাপদ উৎস ব্যবহার করুন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

আনসাবন্ধাইব করুন